# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

স্মারক নং- ১০(২৭৬) জাতীঃ বিঃ/ভর্তি/দ্বৈতভর্তি/২০২৩/ তারিখ: ২৭/০৭/২০২৫

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) এবং ২০২৪ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট কোর্সের ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের এখনো দ্বৈত ভর্তি রয়েছে (তালিকা সংযুক্ত) তাদের ভর্তি বাতিল সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি।**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ এবং ২০২৪ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের বিভিন্ন কোর্সে এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেনীতে এখনও ভর্তি রয়েছে, সে সকল দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা (পৃষ্টা নং ০১ থেকে ১৯ পর্যন্ত ) সংযুক্ত করা হলো। সংযুক্ত তালিকা অনুযায়ী তাদেরকে শেষ বারের মত আগামী ২৮/০৮/২০২৫ তারিখের মধ্যে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস)/ স্নাতক (সম্মান)/ স্নাতক প্রফেশনাল (সম্মান)/২০২৩ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি বাতিলের সুযোগ দেয়া হলো। তালিকায় প্রকাশিত দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী উক্ত তারিখের মধ্যে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের বিভিন্ন কোর্সে এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বাতিল করবে না, তাদের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) এবং ২০২৪ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট কোর্সের ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং তাদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। তবে তাদের পূর্ববর্তী ভর্তি বহাল থাকবে।

**বিঃ দ্রঃ দ্বৈত-ভর্তি তালিকায় প্রকাশিত কোন শিক্ষার্থী যদি দাবী করে যে, সে তার পূর্বের ভর্তি ইতোমধ্যে বাতিল করেছে এবং ২৮-০৮-২০২৫ তারিখ পর্যন্ত যে সকল শিক্ষার্থী ভর্তি বাতিল করবে তাদেরকে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের স্নাতক (পাস) এবং ২০২৪ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট কোর্সের ভর্তি ফরম সহ বাতিলের প্রমাণাদি ("ভর্তি বাতিল পূর্বক মূল মার্কশীট ফেরত দেয়ার অনুমতি" পত্রের কপি ও রেজিস্ট্রেশন কার্ড) সংশ্লিষ্ট দপ্তরে ০৪/০৯/২০২৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।**

২৭/৭/২০২৫

(ড. মোঃ আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মরকনং- ১০(২৭৬) জাতীঃ বিঃ/ভর্তি/দ্বৈতভর্তি/২০২৩/ তারিখঃ ২৭/০৭/২০২৫

প্রয়োজনীয় কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো

০১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় **(ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।**
০২। অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ (সংযুক্ত তালিকায় প্রকাশিত আপনার কলেজের সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
০৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
০৫। অফিস কপি।

২৭/০৭/২৫

মোঃ আবু কাওসার
উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়
ফোন: ০২-৯৯৬৬৯১৫৭৩
ই-মেইল: degpassnu@gmail.com